গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ (বিএস-১) কে নিজস্ব জনবল দ্বারা সফলভাবে নিজ কক্ষপথে পরিচালনা করছে। বর্তমানে দেশীয় ৩৯টি চ্যানেল, বিদেশী ৯ টি চ্যানেল এবং বাংলাদেশ বেতারের রিলে সার্ভিস বিএস-১ এর মাধ্যমে সম্প্রচারিত হচ্ছে। এছাড়াও বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর মাধ্যমে দেশের একমাত্র ডিটিএইচ সেবা "আকাশ ডিটিএইচ" সম্প্রচারিত হচ্ছে। নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ী দেশের পরবর্তী স্যাটেলাইট বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ মহাকাশে উৎক্ষেপণের জন্য স্যাটেলাইটের প্রকৃতি নির্ধারণের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং প্রকল্পের পিডিপিপি প্রণয়ন করা হয়েছে। বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎপাদন এবং উৎক্ষেপণ-এর বিষয়ে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এবং রাশিয়ান জয়েন্ট স্টক কোম্পানি, গ্লাভকসমস এর মধ্যে গত ০২ ফেব্রুয়ারী, ২০২২ তারিখে একটি Memorandum of Collaboration (MoC) স্বাক্ষরিত হয়। উপ্রত্যন্ত দ্বীপাঞ্চলে স্যাটেলাইটের মাধ্যমে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপনের নিমিত্ত "স্যাটেলাইটের মাধ্যমে দ্বীপ এলাকায় নেটওয়ার্ক স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় ৩১ টি দ্বীপে ১১২ টি স্থানে ভি-স্যাট টার্মিনাল স্থাপন করা হয়েছে। এছাড়াও প্রত্যন্ত ও দুর্গম এলাকার বিভিন্ন সরকারি ও বেসরকারি অফিসে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর মাধ্যমে সংযোগ স্থাপনের নিমিত্ত প্রকল্প গ্রহণ করা হয়েছে যার অগ্রগতি ৫০%। বিএসসিএল ভি-স্যাটের মাধ্যমে বিভিন্ন ব্যাংক, আইএসপি, ভিস্যাট হাব অপারেটর, ই-কমার্স প্রতিষ্ঠানসহ সরকারী কিছু প্রতিষ্ঠানকে সেবা প্রদান করছে। এছাড়াও টেলিভিশন রেটিং পয়েন্ট সিস্টেম বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বৈদেশিক বাজারে স্যাটেলাইট ব্যান্ডউইথের মূল্য ক্রম হ্রাসমান থাকায় স্যাটেলাইট উৎক্ষেপণের পূর্বে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী রাজস্ব আহরণ দুরুহ হয়ে পড়েছে। তদুপরি দেশের অভ্যন্তরীণ বাজারে স্যাটেলাইট ও সংশ্লিষ্ট শিল্পের যথেষ্ট প্রসার না ঘটায় বিক্রয় ও বিপণন কার্যক্রম দুরুহ হচ্ছে। স্যাটেলাইট ব্যান্ডউইথ ও সংশ্লিষ্ট যন্ত্রপাতির উচ্চমূল্য বিবেচনায় নিয়ে নতুন বাজার সৃষ্টি সময়সাপেক্ষ। এছাড়াও বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর কাভারেজভুক্ত বিভিন্ন দেশে সার্ভিস এরিয়া কো-অর্ডিনেশন নিশ্চিত করাও কোম্পানির জন্য একটি বড় চ্যালেঞ্জে পরিণত হয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ মহাকাশে উৎক্ষেপণের জন্য নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করার পরিকল্পনা রয়েছে। বিএসসিএল -এর নিজস্ব MCPC, Digital Satellite News Gathering, Conditional Access System ও প্লে- আউট প্ল্যাটফর্ম স্থাপনের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধির পরিকল্পনা রয়েছে।

একইসাথে স্যাটেলাইট শিল্পে বাংলাদেশের সক্ষমতা বৃদ্ধির জন্য মানব সম্পদ উন্নয়ন এবং নিজস্ব ভবন ও গবেষণাগার স্থাপনের পরিকল্পনা আছে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর আয় বৃদ্ধি।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ দ্বারা সম্প্রচারিত সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলসমূহের সর্বোচ্চ সেবার মান নিশ্চিতকরণ।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ দ্বারা সম্প্রচারিত ডিটিএইচ অপারেটরের সর্বোচ্চ সেবার মান নিশ্চিতকরণ।
- ভি-স্যাট সেবার আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে স্থানীয় বাজার সৃষ্টি।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণ কার্যক্রম।
- মানব সম্পদ উন্নয়ন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

স্যাটেলাইট ও সংশ্লিষ্ট সেবায় স্বনির্ভরতা অর্জন ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

গবেষণা ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের মাধ্যমে যুগোপযোগী ও মানসম্পন্ন স্যাটেলাইট নেটওয়ার্ক স্থাপন, পরিচালনা , সেবা প্রদান এবং স্যাটেলাইট সংশ্লিষ্ট সকল ক্ষেত্রে দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি ।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর আয় বৃদ্ধি।
২. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর আওতায় সম্প্রচারিত টিভি চ্যানেলসমূহের সেবার মান নিশ্চিতকরণ।
৩. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর আওতায় সম্প্রচারিত ডিটিএইচ (ডাইরেক্ট টু হোম) সার্ভিস এর মান নিশ্চিতকরণ।
৪. ভি-স্যাট সেবার আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে স্থানীয় বাজার সৃষ্টি।
৫. বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণ কার্যক্রম
৬. মানব সম্পদ উন্নয়ন

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. দেশব্যাপী এবং প্রযোজ্য ক্ষেত্রে বহির্বিশ্বে স্যাটেলাইট নেটওয়ার্ক বিস্তৃতিকরণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।
২. স্যাটেলাইট সংশ্লিষ্ট সেবা সম্প্রসারণ।
৩. নেটওয়ার্কভুক্ত অঞ্চলে টিভি চ্যানেল সম্প্রচার সেবা প্রদান।
৪. দুর্যোগকালীন সময়ে নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণ ও দুর্গম অঞ্চলে টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণ।
৫. স্যাটেলাইট সংশ্লিষ্ট গবেষণা , মানবসম্পদ উন্নয়ন ও পরবর্তী স্যাটেলাইট সংক্রান্ত কার্যক্রম সম্পাদন।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| স্যাটেলাইট ব্যান্ডউইথ ক্যাপাসিটি এর ব্যবহার বৃদ্ধি | ব্যবহৃত স্যাটেলাইট ব্যান্ডউইথ ( ক্রমপুঞ্জিভূত) | % | ২৭.৭১ | ৩৭.১৫ | ৪৭ | ৫৮ | ৬৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | বিএসসিএল এর ওয়েবসাইট ও বিভিন্ন প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর আয় বৃদ্ধি। | ২০ | [১.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর আয় বৃদ্ধি | [১.১.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর ট্রান্সপন্ডার ক্যাপাসিটি বিক্রয়কৃত আয় | সমষ্টি | টাকা (কোটি) | ২০ | ১২০ | ১৫০ | ১৬৫ | ১৬২.৫ | ১৬০ | ১৫৭.৫ | ১৫৫ | ১৮৫ | ২০৫ |
| [২] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর আওতায় সম্প্রচারিত টিভি চ্যানেলসমূহের সেবার মান নিশ্চিতকরণ। | ১০ | [২.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর মাধ্যমে সম্প্রচারিত টিভি চ্যানেলসমূহের সর্বোচ্চ প্রাপ্যতা (Uptime Availability) নিশ্চিতকরণ | [২.১.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর আওতায় সম্প্রচারিত টিভি চ্যানেলের প্রাপ্যতার (Uptime Availability) শতকরা পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | % | ১০ | ৯৯.৯৯ | ৯৯.৯৯৬ | ৯৯.৮৫৫ | ৯৯.৭৫৫ | ৯৯.৬৫৫ | ৯৯.৫৫৫ | ৯৯.৪৫৫ | ৯৯.৮৬ | ৯৯.৮৬ |
| [৩] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর আওতায় সম্প্রচারিত ডিটিএইচ (ডাইরেক্ট টু হোম) সার্ভিস এর মান নিশ্চিতকরণ। | ১০ | [৩.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর মাধ্যমে সম্প্রচারিত ডিটিএইচ সেবার সর্বোচ্চ প্রাপ্যতা (Uptime Availability) নিশ্চিতকরণ | [৩.১.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর মাধ্যমে সম্প্রচারিত ডিটিএইচ সেবার প্রাপ্যতার (Uptime Availability) শতকরা পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | % | ১০ | ৯৯.৯৯৯ | ১০০ | ৯৯.৮৫৫ | ৯৯.৭৫৫ | ৯৯.৬৫৫ | ৯৯.৫৫৫ | ৯৯.৪৫৫ | ৯৯.৮৬ | ৯৯.৮৬ |
| [৪] ভি-স্যাট সেবার আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে স্থানীয় বাজার সৃষ্টি। | ১০ | [৪.১] ভি-স্যাট সেবার আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে স্থানীয় বাজার সৃষ্টি। | [৪.১.১] সংযুক্ত প্রতিষ্ঠান সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১০ | ২ | ১০ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ২২ | ৩০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৫] বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণ কার্যক্রম | ১০ | [৫.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) প্রণয়ণ। | [৫.১.১] প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) প্রণীত | সমষ্টি | সংখ্যা | ১০ | | | ১ | | | | | | |
| [৬] মানব সম্পদ উন্নয়ন | ১০ | [৬.১] সরকারের দীর্ঘমেয়াদি পরিকল্পনার সাথে সম্পৃক্ততা সুনিশ্চিত করতে মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে সরকারের দীর্ঘমেয়াদি পরিকল্পনাসমূহ ও সমসাময়িক বিষয়ের উপর প্রশিক্ষণ। | [৬.১.১] প্রশিক্ষণ আয়োজন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১০ | ০৬ | ০৬ | ০৬ | ০৫ | ০৪ | | | ০৬ | ০৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা<br>বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড | ১১/৭/২৩<br>তারিখ |
| সচিব<br>ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক,<br>টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | ১১/০৭/২৩<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | DTH | Direct To Home |
| ২ | MCPC | Multiple Carrier Per Channel |
| ৩ | VSAT | Very Small Aperture Terminal |
| ৪ | বিএসসিএল | বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর আয় বৃদ্ধি | [১.১.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর ট্রান্সপন্ডার ক্যাপাসিটি বিক্রয়কৃত আয় | বিক্রয় ও বিপণন | হিসাব শাখার প্রতিবেদন ও ব্যবস্থাপনা পরিচালকের প্রত্যয়ন |
| [২.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর মাধ্যমে সম্প্রচারিত টিভি চ্যানেলসমূহের সর্বোচ্চ প্রাপ্যতা (Uptime Availability) নিশ্চিতকরণ | [২.১.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর আওতায় সম্প্রচারিত টিভি চ্যানেলের প্রাপ্যতার (Uptime Availability) শতকরা পরিমাণ | অপারেশন উইং | অপারেশন উইং এর প্রতিবেদন ও ব্যবস্থাপণা পরিচালকের প্রত্যয়ন |
| [৩.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর মাধ্যমে সম্প্রচারিত ডিটিএইচ সেবার সর্বোচ্চ প্রাপ্যতা (Uptime Availability) নিশ্চিতকরণ | [৩.১.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর মাধ্যমে সম্প্রচারিত ডিটিএইচ সেবার প্রাপ্যতার (Uptime Availability) শতকরা পরিমাণ | অপারেশন উইং | অপারেশন উইং এর প্রতিবেদন ও ব্যবস্থাপণা পরিচালকের প্রত্যয়ন |
| [৪.১] ভি-স্যাট সেবার আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে স্থানীয় বাজার সৃষ্টি। | [৪.১.১] সংযুক্ত প্রতিষ্ঠান সংখ্যা | বিক্রয় ও বিপণন উইং | বিক্রয় ও বিপণন উইং ও ব্যবস্থাপনা পরিচালকের প্রত্যয়ন |
| [৫.১] বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) প্রণয়ণ। | [৫.১.১] প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) প্রণীত | কারিগরী, গবেষণা ও উন্নয়ন উইং | প্রণীত ডিপিপি |
| [৬.১] সরকারের দীর্ঘমেয়াদি পরিকল্পনার সাথে সম্পৃক্ততা সুনিশ্চিত করতে মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে সরকারের দীর্ঘমেয়াদি পরিকল্পনাসমূহ ও সমসাময়িক বিষয়ের উপর প্রশিক্ষণ। | [৬.১.১] প্রশিক্ষণ আয়োজন | প্রশাসন | প্রশিক্ষণের নোটিশ ও উপস্থিতি |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
| --- | --- | --- | --- |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ